# বার্ষিক প্রতিবেদন

# ২০২৩-২০২৪

ক্রীড়া পরিদপ্তর

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মওলানা ভাসানী হকি স্টেডিয়াম (২য় তলা), ঢাকা-১০০০

www.ds.gov.bd

# সূচিপত্র


| ক্রম. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০৩ |
| ২. | ক্রীড়া পরিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম | ০৪ |
| ৩. | ক্রীড়া পরিদপ্তরের অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রম: | ১০ |
| ৪. | ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে বিভিন্ন অনুষ্ঠানের ছবি | ১৯ |
| ৫. | বিনামূল্যে ক্রীড়া সরঞ্জাম এর গুণগত মান পরিদর্শন | ২৮ |
| ৬. | ক্রীড়া পরিদপ্তরের বরাদ্দ | ২৯ |
| ৭. | ক্রীড়া পরিদপ্তরের কার্যক্রম | ৩০ |
| ৮. | আর্থিকভাবে অস্বচ্ছল ও অসমর্থ ক্রীড়াবিদদের ভাতা প্রদান। | ৩০ |
| ৯. | শারীরিক শিক্ষা কলেজের কার্যক্রম | ৩০ |
| ১০. | জেলা ক্রীড়া অফিসের কার্যক্রমের ছবি | ৩১ |
| ১১. | ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি ২০২৪-২৫ | ৪১ |
| ১২. | ক্রীড়া পরিদপ্তর এর কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা | ৪৭ |
| ১৩. | ক্রীড়া পরিদপ্তরের কর্মকর্তাগণের নাম, মোবাইল নম্বর ও ই-মেইল | ৪৮ |
| ১৪. | সরকারী শারীরিক শিক্ষা কলেজের অধ্যক্ষগণের নাম, দায়িত্ব, মোবাইল নম্বর ও ই-মেইল | ৪৯ |
| ১৫. | জেলা ক্রীড়া কর্মকর্তাগণের নাম, দায়িত্ব,অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত জেলা, মোবাইল নম্বর ও ই-মেইল | ৫০ |

**সার্বিক তত্ত্বাবধানে**

**জনাব আ,ন,ম তরিকুল ইসলাম**

পরিচালক (যুগ্মসচিব)

ক্রীড়া পরিদপ্তর

**নির্দেশনায়**

**এস,আই,এম ফেরদৌউস আলম**

সহকারী পরিচালক (প্রশাসন)

ক্রীড়া পরিদপ্তর

**সম্পাদনায়**

**মোঃ আলীমুজ্জামান**

সহকারী পরিচালক (সংগঠন)

ক্রীড়া পরিদপ্তর

**সহযোগী সম্পাদক**

১. নামঃ মোঃ আজিম হোসেন

পদবীঃ সহকারী পরিচালক

ক্রীড়া পরিদপ্তর, ঢাকা

২. নামঃ মোঃ নাসির উদ্দিন

পদবীঃ একান্ত সহকারী টু পরিচালক

৩. নামঃ মোঃ ফরহাদ হোসেন

পদবীঃ অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

**প্রকাশকাল**

**১০ সেপ্টেম্বর, ২০২৪**

# ভূমিকা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন ক্রীড়া পরিদপ্তর দেশের সর্বস্তরের জনসাধারণের মধ্যে ক্রীড়া সচেতনতা সৃষ্টি, ক্রীড়া ক্ষেত্রে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, ক্রীড়া প্রতিভার বিকাশ, বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের খেলাধুলায় অংশগ্রহণের সুযোগ সৃষ্টি, দেশজ কৃষ্টি ও সংস্কৃতির সঙ্গে সম্পর্কিত গ্রামীণ খেলাধুলার আয়োজন, শিক্ষাঙ্গনে খেলাধুলার চর্চা, নারীদের ক্রীড়ায় বিকাশ এবং ক্রীড়া পরিদপ্তরের অধীনস্থ সরকারি শারীরিক শিক্ষা কলেজের মাধ্যমে যুব ও যুব নারীদের জন্য ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) এবং মাস্টার অব ফিজিক্যাল এডুকেশন (এমপিএড) বিষয়ে শিক্ষাদান কার্যক্রম পরিচালনা করে।

ক্রীড়া পরিদপ্তর সৃষ্টির পর থেকে শিশু কিশোর ও তরুণদের ক্রীড়ায় উদ্বুদ্ধ করে শিক্ষা প্রতিষ্ঠান, ক্রীড়া ক্লাব ও ক্রীড়া প্রতিষ্ঠানসমূহে ছেলেমেয়েদের মধ্যে ক্রীড়া সচেতনতা সৃষ্টি ও ক্রীড়া মানসিকতার উন্মেষ সাধণের লক্ষ্যে দেশব্যাপী ক্রীড়া কার্যক্রম শুরু হয়। ক্রীড়া পরিদপ্তর বার্ষিক ক্রীড়া কর্মসুচির মাধ্যমে দেশের তৃণমূল পর্যায়ে ক্রীড়ার বিভিন্ন বিষয়ে (ফুটবল, ক্রিকেট, হকি, ভলিবল, হ্যান্ডবল, দাবা, সাঁতার, ব্যাডমিন্টন, রাগবি, সাইক্লিং, বাস্কেটবল, জিমন্যাস্টিকস, টেবিল টেনিস, অ্যাথলেটিকস, বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য ক্রীড়া এবং গ্রামীণ খেলা) প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন করে। ক্রীড়া পরিদপ্তরের এসকল কার্যক্রম দেশের তৃণমূল পর্যায় থেকে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও ক্রীড়া প্রতিভার বিকাশে গুরুত্বপুর্ণ ভূমিকা রাখে। ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন ৬৪ জেলা ক্রীড়া অফিসের মাধ্যমে এই বাৎসরিক ক্রীড়াসূচি বাস্তবায়িত হয়। তৃণমূল পর্যায়ে এসকল প্রতিযোগিতা এবং প্রশিক্ষণের পাশাপাশি জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার আয়োজনও করে থাকে ক্রীড়া পরিদপ্তর। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে এবং ক্রীড়া পরিদপ্তরের সহযোগিতায় অনুষ্ঠিত হয় "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭)" এবং "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭)। এ টুর্নামেন্ট অংশ নেয় তৃণমূলে ছড়িয়ে থাকা প্রতিটি ইউনিয়ন /পৌরসভার বালক-বালিকারা। তৃণমূলের এই খেলোয়াড়দের নিয়ে আয়োজন করা হয় উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা। এই প্রতিযোগিতা থেকে বাছাইকৃত খেলোয়াড়দের নিয়ে উপজেলা দল গঠন করা হয়। যারা অংশ নেয় জেলা পর্যায়ের প্রতিযোগিতায়। এভাবে জেলা দল নিয়ে বিভাগ এবং বিভাগীয় দল নিয়ে জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়া বয়স ভিত্তিক ফুটবলের অগ্রগতির লক্ষ্যে তৃণমুলের উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে বালক ফুটবলারদের নিয়ে আয়োজন করা হয় শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট, (অনূর্ধ্ব-১৫)। শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্টের প্রতিভাবান বালক এবং জেলা ও বিভাগ থেকে বাছাইকৃত প্রতিভাবান বালিকাদের নিয়ে আয়োজন করা হয় শেখ রাসেল বিচ ফুটবল টুর্নামেন্ট। এছাড়া প্রতিবছর তৃণমূলের বাছাইকরা প্রতিভাবান খেলোয়াড়দের নিয়ে জাতীয় বয়সভিত্তিক বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র সাঁতার ও অ্যাথলেটিক্স প্রতিযোগিতার আয়োজন করা হয়। জাতীয় ভাবে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্রীড়া উৎসবের মধ্য দিয়ে সমাজের পিছিয়ে থাকা শারীরিক ভাবে অক্ষম ছেলে মেয়েদেরও মুলধারায় সম্পৃক্ত করে থাকে ক্রীড়া পরিদপ্তর। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে এবং ক্রীড়া পরিদপ্তরের সহযোগিতায় আন্তঃকলেজ ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। এতে অংশগ্রহণ করে কলেজের ইন্টামিডিয়েট অধ্যায়নরত ছাত্ররা।

**রূপকল্প:** দেশের সকল শিশু ও তরুণ প্রজন্মকে ক্রীড়ায় উদ্বুদ্ধকরণ, নিয়মিত ক্রীড়া চর্চা ও যুগোপযোগী ক্রীড়া প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদে রূপান্তর।

**অভিলক্ষ্য:** তৃনমুল পর্যায়ে ক্রীড়ার সম্প্রসারণের মাধ্যমে দেশের সকল শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীদের ক্রীড়ায় উদ্বুদ্ধকরণ, ব্যাপকভাবে ক্রীড়া চর্চা ও বিভিন্ন প্রতিযোগিতার মাধ্যমে প্রতিভা অন্বেষন এবং উন্নত ও যুগোপযোগী ক্রীড়া প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদে রূপান্তর ।

**জনবল:** ক্রীড়া পরিদপ্তরের জনবল ৪২৫ জন। প্রধান কার্যালয়ে ২২ জন কর্মকর্তা/কর্মচারী। এর মধ্যে ৪ জন প্রথম শ্রেণির কর্মকর্তা এবং ১৮ জন ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী। ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন ৬৪ জেলা ক্রীড়া অফিসে প্রতিটিতে ১ জন প্রথম শ্রেণির কর্মকর্তা ও ২ জন কর্মচারীসহ মোট ১৯২ জন কর্মকর্তা/কর্মচারী এবং ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন ৬ টি সরকারি শারীরিক শিক্ষা কলেজে মোট ২১১ জন কর্মকর্তা ও কর্মচারীর সংস্থান রয়েছে।

## ক্রীড়া পরিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম:

### জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) আয়োজন:





**উদ্দেশ্য :** লেখাপড়ার পাশাপাশি খেলাধুলার মাধ্যমে অনূর্ধ্ব- ১৭ বছরের কিশোর কিশোরীদের শারীরিক ও মানসিক ও নান্দনিক বিকাশ, প্রতিযোগিতার মাধ্যমে সহিষ্ণুতা, মনোবল বৃদ্ধি ও খেলাধুলায় উৎসাহী করে গড়ে তোলা এবং ক্রীড়া চর্চায় উদ্বুদ্ধকরণ, মাদকাসক্তি, জঙ্গিবাদসহ সব ধরণের অসামাজিক কর্মকান্ড থেকে বিরত রাখার লক্ষ্যে ২০১৮ সাল থেকে সরকার এই টুর্নামেন্ট আয়োজন করছে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় এবং ক্রীড়া পরিদপ্তরের সহযোগিতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) প্রতিযোগিতাটি ২০১৮ সাল এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোলকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) প্রতিযোগিতাটি ২০১৯ সাল থেকে নিয়মিত আয়োজন করা হচ্ছে। বালকদের ইউনিয়ন থেকে শুরু হলেও বালিকাদের প্রতিযোগিতা শুরু হয় উপজেলা দল গঠনের মধ্য দিয়ে। এভাবে ইউনিয়ন থেকে জাতীয় পর্যায় পর্যন্ত অনুষ্ঠিত এ টুর্নামেন্ট-এ বিভিন্ন পর্যায়ে ১,১০,৫৫৬ জন কিশোর-কিশোরী অংশগ্রহণের সুযোগ পায়।

এই টুর্নামেন্টের ২০২৩ সালের ২য় আসর ২৪ জুন ২০২৪ তারিখে কিশোরগঞ্জ জেলায় উদ্বোধন করেন প্রাক্তন মাননীয় মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় জনাব নাজমুল হাসান এম,পি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ২০২৪ উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা ২৩৯ (দুইশত উনচল্লিশ)টি উপজেলায় অনুষ্ঠিত সম্পন্ন হয়েছে এবং ১৭ (সতেরো)টি উপজেলায় অসম্পন্ন আছে। ২৩৯ (দুইশত উনচল্লিশ উপজেলার তথ্য পাওয়া যায়নি।

উল্লেখ্য যে, ২০২৩ সালের ১ম আসরের ফাইনাল খেলা সম্পন্ন এখনো বাকি; এর বরাদ্দকৃত টাকা ফেরত দেয়া হয়েছে।

**প্রশিক্ষণ:** নির্দেশিকায় উল্লেখিত আছে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা থেকে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়দের বিকেএসপি বা বিকল্প কোন প্রতিষ্ঠানের মাধ্যমে উন্নত প্রশিক্ষণ প্রদান করা। প্রতি বছর বালক ৪০ জন ও বালিকা ৪০ জনের প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া যায়। এ পর্যন্ত জাতীয় পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) প্রতিযোগিতা থেকে ৪০ জন প্রতিভাবান কিশোর এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোলকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) প্রতিযোগিতা থেকে ৪০ জন প্রতিভাবান কিশোরীকে ২ মাস ব্যাপী বিকেএসপিতে প্রশিক্ষণ দেওয়া হয়। বিদেশেও প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। ইতিমধ্যে ৪ জন ব্রাজিল থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছে।

### ❖ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্ত: কলেজ ফুটবল টুর্নামেন্ট আয়োজন

**উদ্দেশ্য** : লেখাপড়ার পাশাপাশি খেলাধুলার মাধ্যমে শিক্ষার্থীদের শারীরিক, মানসিক ও নান্দনিক প্রতিভার বিকাশ, প্রতিযোগিতার মাধ্যমে সহিষ্ণুতা, মনোবল বৃদ্ধি ও খেলাধুলায় উৎসাহী করে গড়ে তোলা এবং ক্রীড়া চর্চায় উদ্বুদ্ধকরণ,মাদকাসক্তি, জংগিবাদসহ সকল অসামাজিক কর্মকান্ড হতে বিরত এবং দেশের তরুণ সমাজের মানসপটে মহান মুক্তিযুদ্ধের চেতনা দৃঢ়ভাবে ধারণ পূর্বক সোনার বাংলা গড়ার প্রত্যয়ে দেশ গড়ার কাজে আত্মনিয়োগ করার লক্ষ্যে এই টুর্নামেন্ট আয়োজন করা।

এই টুর্নামেন্টের ২য় আসর ২৪ জুন ২০২৪ তারিখে কিশোরগঞ্জ জেলায় উদ্বোধন করেন প্রাক্তন মাননীয় মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় জনাব নাজমুল হাসান এম,পি।

আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট ২০২৪ জেলা পর্যায়ে ৪২ (বিয়াল্লিশ)টি জেলায় সম্পন্ন হয়েছে, ০৯ (নয়)টি জেলা খেলায় চলমান আছে এবং ১৩ (তেরো)টি জেলায় খেলা হয়নি।

উল্লেখ্য যে, ১ম আসরের ফাইনাল খেলা সম্পন্ন এখনো বাকি; এর বরাদ্দকৃত টাকা ফেরত দেয়া হয়েছে।





জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট, বালক ২০২৩ জাতীয় পর্যায়ে উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এম,পি।

### ❖ শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৫) ২০২৩-২০২৪ আয়োজন:

* ক্রীড়া পরিদপ্তর কর্তৃক জেলা পর্যায়ের প্রতিভাবান খেলোয়াড়দের নিয়ে বিভাগীয় বাছাই এবং সর্বশেষে ৮টি বিভাগীয় দল নিয়ে আয়োজন করা হয় ২০১৪ থেকে ২০২১ পর্যন্ত ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট নামে।



অত:পর ২০২২ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর সর্বকনিষ্ঠ সন্তান শেখ রাসেল এর নাম যুক্ত হয় এই টুর্নামেন্টে। নতুন নামকরণ হয় "শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট " এবং প্রতি বছর এই নামে টুর্নামেন্টটি আয়োজন করা হচ্ছে।

উদ্দেশ্য : তৃণমূল পর্যায়ে লুকিয়ে থাকা প্রতিভাবান খেলোয়াড়দের জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করার সুযোগ তৈরি করা।

শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৫) ২০২৪-এর শুভ উদ্বোধন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব ড. মহিউদ্দীন আহমেদ এবং শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৫) ২০২৩-এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসারে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব জনাব মোস্তফা কামাল মজুমদার।

### ❖ শেখ রাসেল বিচ ফুটবল টুর্নামেন্ট আয়োজন:

শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট থেকে প্রাপ্ত প্রতিভাবান ফুটবল খেলোয়াড় এবং জেলা ক্রীড়া অফিসের মাধ্যমে প্রাপ্ত প্রতিভাবান (মেয়ে) খেলোয়াড়দের শারীরিক সক্ষমতাবৃদ্ধি, ফুটবলের মান উন্নয়ন এবং পর্যটনের বিকাশের জন্য শেখ রাসেল বিচ ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়।



দেশে সরকারিভাবে একমাত্র ক্রীড়া পরিদপ্তরই বিচ ফুটবল টুর্নামেন্টের আয়োজন করে থাকে। যা প্রতি বৎসর কক্সবাজার সমুদ্র সৈকতে আয়োজন করা হয়। শেখ রাসেল বিচ ফুটবল টুর্নামেন্ট ২০২৪ এর উদ্বোধন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব জনাব মোস্তফা কামাল মজুমদার। ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে শেখ রাসেল বিচ ফুটবল টুর্নামেন্ট-২০২৪ এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. মহিউদ্দীন আহমেদ।





ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে শেখ রাসেল বিচ ফুটবল টুর্নামেন্ট-২০২৪ এর বালক এবং বালিকাদের খেলা এবং প্রধান অতিথির পুরস্কার বিতরণে স্থির চিত্র।

## ❖ বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র অ্যাথলেটিক্স প্রতিযোগিতা আয়োজন



**উদ্দেশ্য :** তৃণমূল পর্যায় থেকে প্রতিভাবান অ্যাথলেট অন্বেষণ।

- ২০১৯ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত জাতীয় জুনিয়র অ্যাথলেটিক্স প্রতিযোগিতার নামকরণ ছিল। ২০২২ সাল থেকে বঙ্গাবন্ধু নাম যোগ করে প্রতিযোগিতার কার্যক্রম চলমান আছে।

## ❖ বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র সাঁতার প্রতিযোগিতা আয়োজন



**উদ্দেশ্য :** সাঁতার শিখি, জীবন বাঁচাই;

তৃণমূল পর্যায় থেকে প্রতিভাবান সাঁতারু অন্বেষণ পূর্বক উন্নত প্রশিক্ষণ প্রদান।

- ২০১৯ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত জাতীয় জুনিয়র সাঁতার প্রতিযোগিতার নামকরণ ছিল। ২০২২ সাল থেকে বঙ্গাবন্ধু নাম যোগ করে প্রতিযোগিতার কার্যক্রম চলমান আছে।

## ❖ বিশেষ চাহিদা সম্পন্ন  শিশুদের জন্য ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন



**উদ্দেশ্য** :শারীরিক ও মানসিক বিকাশ লাভ।

- ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন জেলা ক্রীড়া অফিসের বার্ষিক ক্রীড়া কর্মসূচির মাধ্যমে প্রতিটি জেলায় বিশেষ চাহিদা সম্পন্ন  শিশুদের নিয়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। ক্রীড়া পরিদপ্তরের ব্যবস্থাপনায় কেন্দ্রীয়ভাবে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।



## ক্রীড়া পরিদপ্তরের অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রম:

### ক্রীড়া পরিদপ্তর কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য ক্রয়কৃত ক্রীড়া সামগ্রীর গুণগত মান নিশ্চিতকরণের জন্য থাইল্যান্ডের Landco HUX Co. Ltd কারখানা পরিদর্শন:





- ক্রীড়া পরিদপ্তর কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য ক্রয়কৃত ক্রীড়া সামগ্রীর গুণগত মান নিশ্চিতকরণের জন্য থাইল্যান্ডের Landco HUX Co. Ltd কারখানা পরিদর্শন করছেন পরিচালক (যুগ্ম সচিব) ক্রীড়া পরিদপ্তর সহ মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ। টেকসই মান নিশ্চিত করার জন্য Factory inspection এ আ, ন, ম তরিকুল ইসলাম পরিচালক (যুগ্মসচিব) ক্রীড়া পরিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাথে রয়েছেন জনাব ফলজে এলাহী, উপসচিব (ক্রীড়া-২), জনাব রায়হানুল ইসলাম, সচিব মহোদয়র একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

### ❖ পরিচালক (যুগ্ম সচিব), ক্রীড়া পরিদপ্তর শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তি:






কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা করার স্বীকৃতি স্বরূপ দপ্তর/সংস্থা ক্যাটাগরীতে ২০২৩-২০২৪ অর্থ বছরে পরিচালক (যুগ্মসচিব) ক্রীড়া পরিদপ্তর,যুব ও ক্রীড়া মন্ত্রণালয় জনাব আ,ন,ম তরিকুল ইসলাম শুদ্ধাচার পুরস্কার পেয়েছেন- যা ক্রীড়া পরিদপ্তরের ইতিহাসে প্রথম কোনো অর্জন।

### ❖ জেলা ভিত্তিক মেয়েদের ফুটবল প্রশিক্ষণের শুভ উদ্বোধন:





- ক্রীড়া পরিদপ্তর ও ইউনিসেফ বাংলাদেশের যৌথ আয়োজনে রাজশাহী জেলা ক্রীড়া অফিসের সহযোগীতায় অদ্য ২৫ মে ২০২৪ তারিখ সকাল ১০ টায় রেলওয়ে মাঠ, শিরোইল, রাজশাহী তে জেলা ভিত্তিক মেয়েদের ফুটবল প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন ক্রীড়া পরিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব আ,ন, ম তরিকুল ইসলাম।

### ❖ এপিএ ২০২৩-২৪ এর অন্তর্ভূক্ত ক্রীড়া পরিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ আয়োজন:






ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৩-২৪ এর অন্তর্ভূক্ত কর্মপরিকল্পনা ক্রীড়া পরিদপ্তরের সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা করা হয়েছে।

## ❖ জেলা ক্রীড়া অফিস, ময়মনসিংহ পরিদর্শন:




ময়মনসিংহ জেলা ক্রীড়া অফিস পরিদর্শন করেন ক্রীড়া পরিদপ্তর এর সম্মানিত পরিচালক (যুগ্মসচিব) জনাব আ.ন.ম তরিকুল ইসলাম।




এ সময় তাকে ফুলেল শুভেচ্ছা জানান জেলা ক্রীড়া অফিসার, ময়মনসিংহ জনাব মোহাম্মদ আব্দুল বারী।

## ❖ শেখ রাসেল ফোয়ারা সমাবেশ চত্বর উদ্বোধন:





ক্রীড়া পরিদপ্তর এর সম্মানিত পরিচালক যুগ্মসচিব আ,ন,ম তরিকুল ইসলাম সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ময়মনসিংহ সফর সূচির অংশ হিসেবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে "শেখ রাসেল ফোয়ারা" সমাবেশ চত্বর এর উদ্বোধন করেন। এ সময় অত্র কলেজের অধ্যক্ষ মুমিনুল হাসান ও কলেজের প্রভাষকবৃন্দ ফুলেল শুভেচ্ছা জানান। এসময় কলেজের কর্মকর্তা ও কর্মচারিসহ শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## ❖ মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, মোহাম্মদপুর সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা পরিদর্শন:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তবর্তীকালীন সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, মোহাম্মদপুর সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা পরিদর্শন করেন।



পরিদর্শনকালে আ,ন,ম তরিকুল ইসলাম,পরিচালক (যুগ্মসচিব) ক্রীড়া পরিদপ্তর মহোদয় উপস্থিত থেকে কলেজের বিভিন্ন বিষয়ে ব্রিফ করেন। অত্র কলেজে মাননীয় উপদেষ্টা পৌছালে অধ্যক্ষ মোঃ মজিবুর রহমান মহোদয় স্বাগত জানান।



এ সময় উপস্থিত ছিলেন ক্রীড়া পরিদপ্তরের সহকারী পরিচালক (সংগঠন) মোঃ আলিমুজ্জামান, কলেজের প্রভাষকবৃন্দ, কর্মচারিবৃন্দ ও ছাত্র-ছাত্রীবৃন্দ।



## ❖ ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ইন হাউজ প্রশিক্ষণ আয়োজন:




গত ১২ নভেম্বর ২০২৩ সকাল ১০ টায় ক্রীড়া পরিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের দিনব্যাপী ইন হাউজ প্রশিক্ষণ ক্রীড়া পরিদপ্তরে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে জনাব আ,ন,ম তরিকুল ইসলাম, পরিচালক (যুগ্ম সচিব) ক্রীড়া পরিদপ্তর উক্ত প্রশিক্ষনটির শুভ উদ্বোধন করেন। ক্রীড়া পরিদপ্তরের উপপরিচালক জনাব এস, আই, এম ফেরদৌউস আলম, সহকারী পরিচালক (সংগঠন) জনাব মো: আলীমুজ্জামান, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মো: আজিম হোসেন, জেলা ক্রীড়া অফিসার, ঢাকা জনাব মো: রেজাউল করিম সহ ক্রীড়া পরিদপ্তর ও জেলা ক্রীড়া অফিস, ঢাকার কর্মচারীবৃন্দ উক্ত প্রশিক্ষনে অংশগ্রহণ করেন। এ সময় পরিচালক, ক্রীড়া পরিদপ্তর জনাব তরিকুল ইসলাম সরকারি কর্মচারি আচরণ বিধিমালা, শৃঙ্খলা ও আপিল বিধিমালা, গনকর্মচারি শৃঙ্খলা ( নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ ১৯৮২ & ছুটি বিধিমালা ১৯৫৯ সহ বিভিন্ন বিষয়ের উপর আলোকপাত করেন। অত:পর তিনি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে করণীয় নির্ধারণে আইসিটির বহুমাত্রিক ব্যবহারের উপর গুরুত্বারোপ করেন।




পরিচালক, ক্রীড়া পরিদপ্তর জনাব আ,ন,ম তরিকুল ইসলাম বলেন, একটি প্রযুক্তি বিপ্লবের সংগে আমরা সময় অতিবাহিত করছি। ফলে পরিবর্তন অবশ্যম্ভাবী, আর এই পরিবর্তনের সংগে খাপ খাইয়ে নিতে নিজেকে গড়ে তুলতে হবে, জানতে হবে আইসিটির বহুমাত্রিক ব্যবহার, আইসিটির উপর দক্ষতা অর্জন করতে হবে। কারণ বিশ্বায়নের এই যুগে তথ্য ও প্রযুক্তিজ্ঞান সমৃদ্ধ জনশক্তি গড়ে তোলা সময়ের দাবি। শুরু হয়েছে ৪র্থ শিল্প বিপ্লবের কর্মযজ্ঞ। ৪র্থ শিল্প বিপ্লবের সুযোগকে কাজে লাগাতে হলে আমাদের দক্ষ মানবসম্পদ সৃষ্টি করতেই হবে।



তিনি আরও বলেন, বাংলাদেশের মতো এই ডেমোগ্রাফিক ডিভিডেন্ড এবং ডিজিটাল বিপ্লবের ফল এক সঙ্গে কাজে লাগানোর সুযোগ খুব কম দেশেরই রয়েছে। তাই বাংলাদেশের ডেমোগ্রাফিক ডিভিডেন্ড ও ডিজিটাল বিপ্লবের ফল একসংগে কাজে লাগিয়ে খুব সহজেই তরুণ প্রজন্মকে বৈশ্বিক মানদণ্ডে গড়ে তুলে দক্ষ মানবসম্পদে পরিণত করা সম্ভব।

" স্মার্ট বাংলাদেশ " বিনির্মাণে আইসিটির উপর দক্ষতা অর্জনপূর্বক আইসিটির বহুমাত্রিক ব্যবহারের মাধ্যমে নিজ নিজ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য তিনি সকলকে আহবান জানান।

❖ ক্রীড়া পরিদপ্তর কর্তৃক এপিএ, এপিএএমএস সফটওয়্যার ও ডি-নথি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজন:




ক্রীড়া পরিদপ্তর ও আওতাধীন অফিসসমূহের কর্মচারীদের (১১-১৬) ০২ (দুই) দিনব্যাপী এপিএ, এপিএএমএস সফটওয়্যার ও ডি-নথি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মোস্তফা কামাল মজুমদার, অতিরিক্ত সচিব (প্রশাসন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।



সভাপতিত্ব করেন জনাব আ,ন,ম তরিকুল ইসলাম পরিচালক (যুগ্মসচিব) ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

- দেশের সর্বস্তরের জনসাধারণের মধ্যে ক্রীড়া সচেতনতা সৃষ্টি, ক্রীড়া ক্ষেত্রে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, ক্রীড়া প্রতিভার বিকাশ এবং ক্রীড়ার দ্রুত সম্প্রসারণের জন্য দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবে বিনা মূল্যে বিভিন্ন ক্রীড়া সামগ্রী বিতরণ করা
- ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি মোতাবেক প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন
- তৃণমূল থেকে প্রতিভা অন্বেষণ পূর্বক দেশে বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ খেলোয়াড় তৈরি করা
- ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন জেলা ক্রীড়া অফিস সমূহের মাধ্যমে তৃণমূল পর্যায়ে বিভিন্ন টুর্নামেন্ট ও প্রশিক্ষণের আয়োজন করা
- সরকারি শারীরিক শিক্ষা কলেজসমূহের মাধ্যমে ১ বছরের নিবিড় প্রশিক্ষণ প্রদানপূর্বক বিপিএড ডিগ্রি প্রদান
- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা এর মাধ্যমে এমপিএড ডিগ্রি প্রদান।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের খেলাধুলায় অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা,
- বিলুপ্ত প্রায় গ্রামীন খেলাধুলার পুর্নজাগরণ

## ❖ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন:

ক) জাতীয় পর্যায়ে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকায় বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিয়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন।

খ) ক্রীড়া পরিদপ্তরের ব্যবস্থাপনায় জাতীয় পর্যায়ে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন।



ক্রীড়া পরিদপ্তর আয়োজিত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ এর উদ্বোধন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. মহিউদ্দীন আহমেদ।



ক্রীড়া পরিদপ্তর আয়োজিত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪

## ❖ বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র অ্যাথলেটিক্স প্রতিযোগিতা ২০২৪:

জাতীয় পর্যায়ে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP), সাভারে বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র অ্যাথলেটিক্স প্রতিযোগিতার আয়োজন করা হয়। বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব ড. মোঃ আবুল হোসেন।





জাতীয় পর্যায়ে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP), সাভারে অনুষ্ঠিত বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র অ্যাথলেটিক্স প্রতিযোগিতার উদ্বোধন ও পুরস্কার বিতরণের স্থির চিত্র।



জাতীয় পর্যায়ে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP), সাভারে অনুষ্ঠিত বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র অ্যাথলেটিক্স প্রতিযোগিতার স্থির চিত্র।

## ❖ বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র সাঁতার প্রতিযোগিতা ২০২৪:

জাতীয় পর্যায়ে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP), সাভারে বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র সাঁতার প্রতিযোগিতার আয়োজন করা হয়। সাঁতার প্রতিযোগিতায় প্রদান অতিথি হিসাবে উপস্থিত থেকে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব ড. মোঃ আবুল হোসেন।




জাতীয় পর্যায়ে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP), সাভারে বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র সাঁতার প্রতিযোগিতার শুভ উদ্বোধন ও পুরস্কার বিতরণের স্থির চিত্র।



জাতীয় পর্যায়ে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP), সাভারে বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র সাঁতার প্রতিযোগিতার স্থির চিত্র।

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনুর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনুর্ধ্ব-১৭) আয়োজন এর স্থির চিত্র:**










চট্টগ্রাম বিভাগ



























## ❖ বিনামূল্যে ক্রীড়া সরঞ্জাম প্রদান:

ক) মাননীয় সংসদ সদস্যগণের মাধ্যমে দেশের ক্রীড়া ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সরঞ্জাম বিতরণের নিমিত্তে মাননীয় সংসদ সদস্যগণের অনুকূলে সংসদীয় আসন ভিত্তিক ক্রীড়া সরঞ্জাম বরাদ্দ প্রদান করা হয়।

খ) শিশু কিশোর ও তরুণদের খেলাধুলার সুযোগ সৃষ্টি ও খেলার মান উন্নয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবের আবেদনের প্রেক্ষিতে তাদের অনুকূলে ক্রীড়া পরিদপ্তর ও জেলা ক্রীড়া অফিস থেকে বিনামূল্যে ক্রীড়া সরঞ্জাম প্রদান করা হয়।

## ❖ বিনামূল্যে ক্রীড়া সরঞ্জাম এর গুণগত মান পরিদর্শন:





বিনামূল্যে বিতরণের জন্য ক্রয়কৃত ক্রীড়া সামগ্রীর মান যাচাই করছেন পরিচালক (যুগ্ম সচিব), ক্রীড়া পরিদপ্তর

# ক্রীড়া পরিদপ্তরের বরাদ্দ

• **আর্থিক বরাদ্দ: (হাজার টাকায়)**

| অর্থবছর | রাজস্ব | উন্নয়ন |
|---|---|---|
| ২০১৯-২০২০ | ২৮,৭২,০২ | - |
| ২০২০-২০২১ | ২৮,১০,৭৬ | - |
| ২০২১-২০২২ | ৩৩,১০,৪৩ | - |
| ২০২২-২০২৩ | ৩৪,৪০,৪৯ | - |
| ২০২৩-২০২৪ | ১৭,৪৪,৫১ | - |

• **সরকারি শারীরিক শিক্ষা কলেজসমূহ: (হাজার টাকায়)**

| অর্থবছর | রাজস্ব | উন্নয়ন |
|---|---|---|
| ২০১৯-২০২০ | ১২,০০,৮২ | - |
| ২০২০-২০২১ | ১২,১৯,৮৬ | - |
| ২০২১-২০২২ | ১৪,৯৯,৩১ | - |
| ২০২২-২০২৩ | ১৩,৪০,৩২ | - |
| ২০২৩-২০২৪ | ১৪,৯০,১০ | - |

• **ক্রীড়া সরঞ্জাম খাতে বরাদ্দ: (হাজার টাকায়)**

| অর্থবছর | রাজস্ব | উন্নয়ন |
|---|---|---|
| ২০১৯-২০২০ | ১০,০০,০০ | - |
| ২০২০-২০২১ | ১০,০০,০০ | - |
| ২০২১-২০২২ | ১০,৭০,০০ | - |
| ২০২২-২০২৩ | ১১,৪৯,০৪ | - |
| ২০২৩-২০২৪ | ১১,৮৬,৪৭ | - |

## ❖ ক্রীড়া পরিদপ্তরের কার্যক্রম:

- দেশের সর্বস্তরের জনসাধারণের মধ্যে ক্রীড়া সচেতনতা সৃষ্টি, ক্রীড়া ক্ষেত্রে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, ক্রীড়া প্রতিভার বিকাশ এবং ক্রীড়ার দ্রুত সম্প্রসারণের জন্য দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবে বিনা মূল্যে বিভিন্ন ক্রীড়া সামগ্রী বিতরণ করা
- ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি মোতাবেক প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন
- তৃণমূল থেকে প্রতিভা অন্বেষণ পূর্বক দেশে বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ খেলোয়াড় তৈরি করা
- ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন জেলা ক্রীড়া অফিস সমূহের মাধ্যমে তৃণমূল পর্যায়ে বিভিন্ন টুর্নামেন্ট ও প্রশিক্ষণের আয়োজন করা
- সরকারি শারীরিক শিক্ষা কলেজসমূহের মাধ্যমে ১ বছরের নিবিড় প্রশিক্ষণ প্রদানপূর্বক বিপিএড ডিগ্রি প্রদান
- সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা এর মাধ্যমে এমপিএড ডিগ্রি প্রদান।
- বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের খেলাধুলায় অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা,
- বিলুপ্ত প্রায় গ্রামীন খেলাধুলার পূর্নজাগরণ

## ❖ আর্থিকভাবে অস্বচ্ছল ও অসমর্থ ক্রীড়াবিদদের ভাতা প্রদান।

আর্থিকভাবে অস্বচ্ছল ও অসমর্থ ক্রীড়াবিদ এবং তাদের পরিবারের সদস্যদের এককালীন ভাতা প্রদানের জন্য বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন জেলা কমিটির সদস্য সচিব হিসেবে জেলা ক্রীড়া অফিসারগণ দায়িত্ব পালন করেন।

## ❖ শারীরিক শিক্ষা কলেজের কার্যক্রম।

ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন সরকারি শারীরিক শিক্ষা কলেজের মাধ্যমে যুব ও যুব মহিলাদের জন্য ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) এবং মাস্টার অব ফিজিক্যাল এডুকেশন (এমপিএড) বিষয়ে শিক্ষাদান কার্যক্রম পরিচালনা করা হয়।

❖ জেলা ক্রীড়া অফিসের কিছু কার্যক্রমের স্থির চিত্রঃ





জেলা ক্রীড়া অফিস, শরীয়তপুর কর্তৃক আয়োজিত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্রীড়া উৎসব





জেলা ক্রীড়া অফিস, নরসিংদী কর্তৃক আয়োজিত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্রীড়া উৎসব





জেলা ক্রীড়া অফিস, দিনাজপুর কর্তৃক আয়োজিত অ্যাথলেটিক্স প্রতিযোগিতা ও প্রশিক্ষণ



জেলা ক্রীড়া অফিস, চাঁদপুর কর্তৃক আয়োজিত অ্যাথলেটিক্স ও গ্রামীণ খেলা প্রশিক্ষণের





জেলা ক্রীড়া অফিস, নওগাঁ কর্তৃক আয়োজিত কাবাডি প্রতিযোগিতা





জেলা ক্রীড়া অফিস, বরিশাল কর্তৃক আয়োজিত ফুটবল প্রশিক্ষণ




জেলা ক্রীড়া অফিস, নারায়ণগঞ্জ কর্তৃক আয়োজিত ফুটবল প্রশিক্ষণ




জেলা ক্রীড়া অফিস, চাঁদপুর কর্তৃক আয়োজিত ফুটবল প্রশিক্ষণ




জেলা ক্রীড়া অফিস, নওগাঁ কর্তৃক আয়োজিত ফুটবল প্রতিযোগিতা






জেলা ক্রীড়া অফিস, কুমিল্লা কর্তৃক আয়োজিত ব্যাডমিন্টন প্রতিযোগিতা





জেলা ক্রীড়া অফিস, নরসিংদী কর্তৃক আয়োজিত ভলিবল প্রতিযোগিতা




জেলা ক্রীড়া অফিস, ভোলা কর্তৃক আয়োজিত সাঁতার প্রতিযোগিতা




জেলা ক্রীড়া অফিস, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত সাঁতার প্রতিযোগিতা



জেলা ক্রীড়া অফিস, দিনাজপুর কর্তৃক আয়োজিত হ্যান্ডবল প্রতিযোগিতা









জেলা ক্রীড়া অফিস, কুমিল্লা কর্তৃক আয়োজিত কাবাডি প্রতিযোগিতা



জেলা ক্রীড়া অফিস, নওগাঁ কর্তৃক আয়োজিত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্রীড়া উৎসব





জেলা ক্রীড়া অফিস, কুমিল্লা কর্তৃক আয়োজিত অ্যাথলেটিক্স প্রতিযোগিতা



জেলা ক্রীড়া অফিস, কুমিল্লা কর্তৃক আয়োজিত অ্যাথলেটিক্স প্রশিক্ষণ





জেলা ক্রীড়া অফিস, নরসিংদী কর্তৃক আয়োজিত অ্যাথলেটিক্স প্রশিক্ষণ



জেলা ক্রীড়া অফিস, বগুড়া কর্তৃক আয়োজিত সাঁতার প্রশিক্ষণ







জেলা ক্রীড়া অফিস, কুমিল্লা কর্তৃক আয়োজিত মেয়েদের ফুটবল প্রতিযোগিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা
http://www.ds.gov.bd

# ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি ২০২৪-২০২৫

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | বাস্তবায়নের স্থান/ ভেন্যু | বাস্তবায়নের তারিখ/ সময়কাল | অংশগ্রহণকারী | আর্থিক উৎস | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান/ কর্তৃপক্ষ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জন্মদিন ০৫/০৮/২০২৪ উপলক্ষে প্রীতি ফুটবল প্রতিযোগিতা | সরকারি শারীরিক শিক্ষা কলেজ মোহাম্মদপুর, ঢাকা বা সুবিধাজনক কোন মাঠে। | ০৫/০৮/২০২৪ | সরকারি শারীরিক শিক্ষা কলেজের প্রশিক্ষণার্থী ফুটবলার | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর ও সরকারি শারীরিক শিক্ষা কলেজ | |
| ০২ | বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এঁর জন্মদিন ০৮/০৮/২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন ও ভলিবল প্রতিযোগিতা (মহিলা) | - | ০৮/০৮/২০২৪ | সরকারি শারীরিক শিক্ষা কলেজের মহিলা প্রশিক্ষণার্থী | - | ক্রীড়া পরদিপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী | |
| ০৩ | জাতীয় শোক দিবস ১৫/০৮/২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন | - | ১৫/০৮/২০২৪ | - | - | জাতীয় কর্মসূচির আলোকে ক্রীড়া পরদিপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী | |
| ০৪ | বার্ষিক ক্রীড়া কর্মসূচী ২০২৪-২৫ এর আওতায় জেলা পর্যায়ে কাবাডি ও দাবা প্রতিযোগিতার আয়োজন | জেলার সুবিধাজনক মাঠে | ১০/০৯/২০২৪ | সংশ্লিষ্ট জেলার শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবের খেলোয়াড় | রাজস্ব খাত | সংশ্লিষ্ট জেলার জেলা ক্রীড়া অফিস | |
| ০৫ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্ত:কলেজ ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর জাতীয় পর্যায় | আর্মি স্টেডিয়াম/ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়াম | প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক | ফাইনালে উত্তীর্ণ ২ টি দল | রাজস্ব খাত | ক্রীড়া পরদিপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | |
| ০৬ | "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭)২০২৩ ও "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট,বালিকা (অনুর্ধ্ব-১৭) ২০২৩ এর জাতীয় পর্যায়ের আয়োজন | বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়াম/ আর্মি স্টেডিয়াম | প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক | ফাইনালে উত্তীর্ণ ৪ টি দল | রাজস্ব খাত | ক্রীড়া পরদিপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৭ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্ত:কলেজ ফুটবল টুর্নামেন্ট ২০২৪ এর বিভাগীয় পর্যায় | বিভাগীয়/ জেলার স্টেডিয়াম বা সুবিধাজনক মাঠে | ২২/০৯/২০২৪ এর মধ্যে | জেলার চ্যাম্পিয়ন ও রানার আপ দল | রাজস্ব খাত | সংশ্লিষ্ট বিভাগীয় কমিটি এবং বিভাগীয় সদরের জেলা ক্রীড়া অফিস | |
| ০৮ | "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭)২০২৪ ও "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) ২০২৪ এর জেলা পর্যায়ের আয়োজন | জেলার স্টেডিয়াম বা সুবিধাজনক মাঠে | ০৭/১০/২০২৪ এর মধ্যে | উপজেলার চ্যাম্পিয়ন দল | রাজস্ব খাত | সংশ্লিষ্ট জেলা কমিটি এবং জেলা ক্রীড়া অফিস | |
| ০৯ | "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭)২০২৪ ও "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) ২০২৪ এর বিভাগীয় পর্যায়ের আয়োজন | বিভাগীয়/ জেলার স্টেডিয়াম বা সুবিধাজনক মাঠে | ৩১/১০/২০২৪ | জেলার চ্যাম্পিয়ন দল | রাজস্ব খাত | সংশ্লিষ্ট বিভাগীয় কমিটি এবং বিভাগীয় সদরের জেলা ক্রীড়া অফিস | |
| ১০ | বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২০২৫ এর জেলা পর্যায়ে ফুটবল প্রতিযোগিতা ও বাছাই (অনূর্ধ্ব-১৫) | জেলার স্টেডিয়াম বা সুবিধাজনক মাঠে | ০৬/১১/২০২৪ | সংশ্লিষ্ট জেলার শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবের খেলোয়াড় | রাজস্ব খাত | সংশ্লিষ্ট জেলার জেলা ক্রীড়া অফিস | |
| ১১ | বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২০২৫ এর ফুটবল প্রশিক্ষণ (অ-১৫) জেলা পর্যায়ে ৭ থেকে ১০ দিনের আবাসিক প্রশিক্ষণ | জেলার স্টেডিয়াম বা সুবিধাজনক মাঠে | ২২/১১/২০২৪ | জেলা পর্যায়ে বাছাইকৃত ফুটবল খেলোয়াড় (অ:-১৫) | রাজস্ব খাত | সংশ্লিষ্ট জেলার জেলা ক্রীড়া অফিস | |
| ১২ | বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্রীড়া প্রতিযোগিতা (জেলা পর্যায়) | জেলার সুবিধাজনক মাঠে | ৩০/১১/২০২৪ | জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের বিশেষ চাহিদা সম্পন্ন শিশু | রাজস্ব খাত | জেলা ক্রীড়া অফিস (সকল) | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | বার্ষিক ক্রীড়া কর্মসূচী ২০২৪-২৫ এর আওতায় ক্রিকেট প্রতিযোগিতার আয়োজন | জেলার সুবিধাজনক মাঠে | ১০/১২/২০২৪ | নিজ জেলার শিক্ষাপ্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবের খেলোয়াড় | রাজস্ব খাত | সংশ্লিষ্ট জেলার জেলা ক্রীড়া অফিস | |
| ১৪ | বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্রীড়া প্রতিযোগিতা (জাতীয় র্পযায়) | সরকারি শারীরিক শিক্ষা কলেজ মোহাম্মদপুর, ঢাকা | ১৫/১২/২০২৪ | ৮ টি বিভাগের বাছাইকৃত বিশেষ চাহদিা সম্পন্ন শিশু | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর | |
| ১৫ | মহান বিজয় দিবস (১৬/১২/২০২৪) উপলক্ষে প্রীতিম্যাচ (ভলিবল) প্রতিযোগিতা | সরকারি শারীরিক শিক্ষা কলেজ মোহাম্মদপুর, ঢাকা | ১৬/১২/২০২৪ | সরকারি শারীরিক শিক্ষা কলেজের প্রশিক্ষণার্থী/ অন্যান্য দল | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর ও সরকারি শারীরিক শিক্ষা কলেজ | |
| ১৬ | শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট অনূর্ধ্ব-১৫/২০২৪ বিভাগীয় পর্যায়ে বাছাই ক্যাম্প | বিভাগীয়/ জেলার স্টেডিয়াম বা সুবিধাজনক মাঠে | ৩১/১২/২০২৪ | জেলা পর্যায়ে (অ:-১৫) ফুটবল প্রতিযোগিতা ও প্রশিক্ষণ থেকে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়। | রাজস্ব খাত | সংশ্লিষ্ট জেলার জেলা ক্রীড়া অফিস | |
| ১৭ | "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭)২০২৩ ও "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট,বালিকা (অনূর্ধ্ব-১৭) ২০২৩ টুর্নামেন্ট থেকে বাছাইকৃত ৮০ জন প্রতিভাবান খেলোয়াড়দের আবাসিক উন্নত প্রশিক্ষণ | বিকেএসপি/ সরকারি শারীরিক শিক্ষা কলেজ | ৩১/১২/২০২৪ এর মধ্যে | বাছাইকৃত ৮০ জন প্রতিভাবান খেলোয়াড়দের | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর | |
| ১৮ | শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৫)-২০২৪ জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা | সরকারি শারীরিক শিক্ষা কলেজ ঢাকা/ চট্টগ্রাম | ০৭/০১/২০২৫ এর মধ্যে | ৮ টি বিভাগীয় দল | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৯ | শেখ রাসেল বীচ ফুটবল টুর্নামেন্ট-২০২৪ জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা | কক্সবাজার | ১১/০১/২০২৫ এর মধ্যে | ৮ টি বিভাগীয় বালক ও বালিকা দল | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর | |
| ২০ | বার্ষিক ক্রীড়া কর্মসূচী ২০২৪-২৫ এর আওতায় ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতার আয়োজন | জেলা/ উপজেলার সুবিধাজনক মাঠে | ২০/০১/২০২৫ এর মধ্যে | সংশ্লিষ্ট জেলার শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবের খেলোয়াড় | রাজস্ব খাত | সংশ্লিষ্ট জেলার জেলা ক্রীড়া অফিস | |
| ২১ | বার্ষিক ক্রীড়া কর্মসূচী ২০২৪-২৫ এর আওতায় জেলা পর্যায়ে অ্যাথলেটিক্স ও গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ | জেলার স্টেডিয়াম বা সুবিধাজনক মাঠে | ৩১/০১/২০২৫ | সংশ্লিষ্ট জেলার শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবের খেলোয়াড় | রাজস্ব খাত | সংশ্লিষ্ট জেলার জেলা ক্রীড়া অফিস | |
| ২২ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্ত:কলেজ ফুটবল টুর্নামেন্ট-২০২৪ এর জাতীয় পর্যায় | বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম / বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়াম | ২১/০২/২০২৫ | বিভাগীয় পর্যায়ে উত্তীর্ণ চ্যাম্পিয়ন ও রানারআপ দল | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | |
| ২৩ | বার্ষিক ক্রীড়া কর্মসূচী ২০২৪-২৫ এর আওতায় জেলা পর্যায়ে অ্যাথলেটিক্স ও গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতার মাধ্যমে বাছাইকৃত সেরা খেলোয়াড়দের ৭ থেকে ১৪ দিনের নিবিড় প্রশিক্ষণ | জেলার স্টেডিয়াম বা সুবিধাজনক মাঠে | ২৮/০২/২০২৫ | সংশ্লিষ্ট জেলার শিক্ষাপ্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবের খেলোয়াড় | রাজস্ব খাত | সংশ্লিষ্ট জেলার জেলা ক্রীড়া অফিস | |
| ২৪ | "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ২০২৪ ও "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট,বালিকা (অনূর্ধ্ব-১৭) ২০২৪ এর জাতীয় পর্যায়ের আয়োজন | বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়াম/ আর্মি স্টেডিয়াম | প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক | বিভাগীয় পর্যায়ে উত্তীর্ণ চ্যাম্পিয়ন দল | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | |
| ২৫ | আন্তর্জাতিক মাতৃভাষা ও শহিদ দিবস ২১/০২/২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে প্রীতি T-20 ম্যাচ আয়োজন। | সরকারি শারীরিক শিক্ষা কলেজ মোহাম্মদপুর, ঢাকা | ১৭/০৩/২০২৫ | সরকারি শারীরিক শিক্ষা কলেজের প্রশিক্ষণার্থী | | ক্রীড়া পরিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২৬ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ১৭/০৩/২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে গ্রামীণ খেলার আয়োজন। | সরকারি শারীরিক শিক্ষা কলেজ মোহাম্মদপুর, ঢাকা | ২৬/০৩/২০২৫ | ঢাকা সরকারি শারীরিক শিক্ষা কলেজের প্রশিক্ষণার্থী | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী | |
| ২৭ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২৬/০৩/২০২৫ উদযাপন উপলক্ষে প্রীতিম্যাচ (ভলবিল/ফুটবল) প্রতিযোগিতা | সরকারি শারীরিক শিক্ষা কলেজ মোহাম্মদপুর, ঢাকা | ৩০/০৩/২০২৫ | সরকারি শারীরিক শিক্ষা কলেজের প্রশিক্ষণার্থী/ অন্যান্য দল | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর ও সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা | |
| ২৮ | জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস ০৬/০৪/২০২৫ উপলক্ষে প্রীতি ভলিবল প্রতিযোগিতা/ ব্যাডমিন্টন প্রতিযোগিতা | সরকারি শারীরিক শিক্ষা কলেজ মোহাম্মদপুর, ঢাকা | ০৬/০৪/২০২৫ | সরকারি শারীরিক শিক্ষা কলেজের প্রশিক্ষণার্থী ভলিবল ও ব্যাডমিন্টন খেলোয়াড় এবং জেলার খেলোয়াড় | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর ও সরকারি শারীরিক শিক্ষা কলেজ ঢাকা | জেলা ক্রীড়া অফিস জেলা প্রশাসনের সাথে সমন্বয় করবে |
| ২৯ | বার্ষিক ক্রীড়া কর্মসূচী ২০২৪-২৫ এর আওতায় জেলা পর্যায়ে সাঁতার প্রতিযোগিতা | জেলার সুইমিংপুল অথবা সুবিধাজনক পুকুরে | ১০/০৪/২০২৫ | সংশ্লিষ্ট জেলার শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবের খেলোয়াড় | রাজস্ব খাত | সংশ্লিষ্ট জেলার জেলা ক্রীড়া অফিস | |
| ৩০ | বার্ষিক ক্রীড়া কর্মসূচী ২০২৪-২৫ এর আওতায় জেলা পর্যায়ে সাঁতার প্রতিযোগিতার মাধ্যমে বাছাইকৃত সেরা সাঁতারুদের ৭ থেকে ১৪ দিনের নিবিড় প্রশিক্ষণ | জেলার সুইমিংপুল অথবা সুবিধাজনক পুকুরে | ২০/০৪/২০২৫ | সংশ্লিষ্ট জেলার শিক্ষাপ্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবের খেলোয়াড় | রাজস্ব খাত | সংশ্লিষ্ট জেলার জেলা ক্রীড়া অফিস | |
| ৩১ | বিভাগীয় পর্যায়ে অ্যাথলেট ও সাঁতারুদের বাছাই ও দল গঠন এবং ৩ দিনের আবাসিক প্রশিক্ষণ | বিভাগীয়/জেলার স্টেডিয়াম, সুইমিংপুল বা সুবিধাজনক মাঠ ও পুকুরে | ৩০/০৪/২০২৫ | বিভাগীয় জেলা সমুহের বাছাইকৃত খেলোয়াড় | রাজস্ব খাত | সংশ্লিষ্ট বিভাগীয় জেলার জেলা ক্রীড়া অফিস | |
| ৩২ | জাতীয় পর্যায়ে বঙ্গবন্ধু জুনিয়র সাঁতার ও অ্যাথলেটিক্স প্রতিযোগিতা ২০২৪ | সরকারি শারীরিক শিক্ষা কলেজ মোহাম্মদপুর, ঢাকা | ০৫/০৫/২০২৫ | বিভাগীয় দলের অ্যাথলেট ও সাঁতারু | রাজস্ব খাত | ক্রীড়া পরিদপ্তর | |

**বর্ণিত ক্রীড়া কর্মসূচী বাস্তবায়নে আবশ্যিকভাবে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করতে হবেঃ**

১। APA এর টার্গেট আনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে প্রশিক্ষণ ও প্রতিযোগিতা বাস্তবায়ন করতে হবে।

২। অফিসে রক্ষিত ডকুমেন্টস, পত্রিকা ও অন্যান্য রিপোর্টের সাথে APA এর মিল থাকতে হবে।

৩। প্রতিযোগিতা বা প্রশিক্ষণ বাস্তবায়নের নূন্যতম ০৭ (সাত) কর্মদিবস পূর্বে আবশ্যিকভাবে পরিচালক, ক্রীড়া পরিদপ্তরকে লিখিতভাবে জানাতে হবে।

৪। কেবলমাত্র বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে (জাতীয় দিবস সমূহ ব্যতিত) উপরোক্ত প্রশিক্ষণ ও প্রতিযোগিতাসমূহ বাস্তবায়ন করা যাবে।

৫। কোন জাতীয় দিবসে বার্ষিক ক্রীড়া কর্মসূচী (প্রতিযোগিতা বা প্রশিক্ষণ) বাস্তবায়ন করা যাবে না।

৬। একই দিনে একাধিক প্রতিযোগিতা বা প্রশিক্ষণের উদ্বোধনী ও সমাপনী করতে হলে অবশ্যই পরিচালক, ক্রীড়া পরিদপ্তরের অনুমতি নিতে হবে।

৭। নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

৮। জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা/প্রশিক্ষণ (ক্রীড়া পরিদপ্তর কর্তৃক আয়োজিত) অনুষ্ঠিত হওয়ার পর সেই প্রতিযোগিতা /প্রশিক্ষণ একই অর্থ বছরে আর কোথাও (বিভাগ /জেলা /উপজেলায়) বাস্তবায়ন করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে সেই প্রতিযোগিতা /প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়নি মর্মে গণ্য হবে।

৯। প্রতিভাবান খেলোয়াড়দের ডাটাবেইজ আবশ্যিকভাবে তৈরি করতে হবে।

১০। সরকারি অর্থ ব্যয়ের অবশ্যই আউটপুট থাকতে হবে, উদ্দেশ্য থাকতে হবে। উদ্দেশ্যহীন ভাবে সরকারি অর্থ ব্যয় করা যাবে না, অর্থ বছর শেষে সরকারি অর্থ ব্যয়ের আউটপুট যাচাই করা হবে। সকল আর্থিক বিধি বিধান প্রতিপালনপূর্বক সরকারি অর্থ ব্যয় করতে হবে ।

১১। ফুটবল, সাঁতার ও এ্যাথলেটিক্স এবং গ্রামীণ খেলা- এই ৩ (তিন) টি ইভেন্টে সকল উপজেলার খেলোয়াড়দের মধ্য থেকে প্রতিভাবান বাছাই করতে হবে।

১২। প্রতিযোগিতা / প্রশিক্ষন বাস্তবায়ন পরবর্তী রিপোর্ট, ডকুমেন্টস ও পেপার কাটিং নির্ধারিত সময়ের মধ্যে ক্রীড়া পরিদপ্তরে প্রেরণ করতে হবে এবং সরকারি অর্থ ব্যয়ে বাস্তবায়নকৃত বার্ষিক ক্রীড়া কর্মসূচীর প্রমাণক আবশ্যিকভাবে APAMS সফটওয়্যারে আপলোড করতে করতে হবে।

| | | |
|---|---|---|
| স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- |
| (মো: আলীমুজ্জামান) | এস, আই, এম ফেরদৌউস আলম | আ,ন,ম তরিকুল ইসলাম |
| সহকারী পরিচালক (সংগঠন) | সহকারী পরিচালক (প্রশাসন) | পরিচালক (যুগ্মসচিব) |

## ক্রীড়া পরিদপ্তর এর কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা

| ক্রমিক | পদের নাম | অনুমোদিত পদ | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | স্থায়ী | অস্থায়ী | | |
| ১. | পরিচালক | ১ | ০ | ১ | |
| ২. | অধ্যক্ষ | ২ | ৪ | ৬ | |
| ৩. | উপ-পরিচালক | ১ | ০ | ১ | |
| ৪. | উপাধ্যক্ষ | ২ | ৪ | ৬ | |
| ৫. | সহকারী পরিচালক | ২ | ০ | ২ | |
| ৬. | জেলা ক্রীড়া কর্মকর্তা | ৬৪ | ০ | ৬৪ | |
| ৭. | প্রভাষক | ১১ | ৪৫ | ৫৬ | |
| ৮. | মেডিকেল অফিসার | ৪ | ৬ | ১০ | |
| ৯. | শরীরচর্চা শিক্ষক | ১৮ | ০ | ১৮ | |
| ১০. | তৃতীয় শ্রেণি কর্মচারী | ৮৬ | ১৬ | ১০২ | |
| ১১. | চতুর্থ শ্রেণি কর্মচারী | ১২২ | ৪৯ | ১৭১ | ১৮টি পদ আউটসোর্সিং |
| | মোট | ৩১৩ | ১২৪ | ৪৩৭ | |

## ক্রীড়া পরিদপ্তরের কর্মকর্তাগণের নাম, মোবাইল নম্বর ও ই-মেইল

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল |
|---|---|---|
| ১. | জনাব আ,ন,ম তরিকুল ইসলাম<br>পরিচালক (যুগ্মসচিব)<br>ক্রীড়া পরিদপ্তর, ঢাকা | মোবাইল: +৮৮-০১৭১৫৭৭২৩৯০<br>ফোন: ০২-৪১০৫৩৮১৫<br>ই-মেইল: director@ds.gov.bd |
| ২. | --<br>উপ-পরিচালক<br>ক্রীড়া পরিদপ্তর, ঢাকা | মোবাইল:<br>ফোন: ০২-৪১০৫৩৮১৭<br>ই-মেইল: dd@ds.gov.bd |
| ৩. | জনাব এস, আই, এম ফেরদৌউস আলম<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ক্রীড়া পরিদপ্তর, ঢাকা | মোবাইল: +৮৮০১৮৬৫৯৩৬৬৩৮<br>ফোন: ০২-৪১০৫৩৮১৮<br>ই-মেইল:ada@ds.gov.bd |
| ৪. | জনাব মোঃ আলীমুজ্জামান<br>সহকারী পরিচালক (সংগঠন)<br>ক্রীড়া পরিদপ্তর, ঢাকা | মোবাইল: +৮৮০১৭১৮৬০৭৭৬০<br>ফোন: ০২-৪১০৫৩৮১৯<br>ই-মেইল: ado@ds.gov.bd |

## সরকারি শারীরিক শিক্ষা কলেজের অধ্যক্ষগণের নাম, দায়িত্ব, মোবাইল নম্বর ও ই-মেইল:

| ক্রমিক নং | অধ্যক্ষগণের নাম | ই-মেইল |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ মজিবুর রহমান<br>অধ্যক্ষ,<br>সরকারী শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা | অফিস- ৮১৩০০৯৮<br>মোবাইল- ০১৭১১-১৮৬৯২৪<br>dpec_ds@yahoo.com<br>webside: https://dpec.college.gov.bd |
| ০২ | জনাব মোঃ মাহবুবুর রহমান<br>উপাধ্যক্ষ (চ:দা:),<br>সরকারী শারীরিক শিক্ষা কলেজ,<br>রাজশাহী | অফিস- ০৭২১-৭৬১৬১৫<br>মোবাইল- ০১৭২৪-৫১৯১৩৫<br>rpec_ds@yahoo.com<br>webside: rpec.rajshahi.gov.bd |
| ০৩ | জনাব এস এম গিয়াস উদ্দিন বাবর<br>প্রভাষক (আয়ন ব্যয়ন কর্মকর্তা),<br>সরকারী শারীরিক শিক্ষা কলেজ,<br>চট্টগ্রাম | অফিস-০৩১-৭২৭১৯০<br>মোবাইল- ০১৭১১-৭৩২১০৩<br>cpec_ds@yahoo.com<br>webside: cpec.chittagong.gov.bd |
| ০৪ | জনাব আবদুল মালেক তালুকদার<br>অধ্যক্ষ(চলতি দায়িত্ব)<br>সরকারী শারীরিক শিক্ষা কলেজ,<br>বাগেরহাট | মোবাইল- ০১৬৭৪০৫০০৬৪<br>kpec_ds@yahoo.com<br>webside: https://kpec.college.gov.bd |
| ০৫ | জনাব মোঃ মমিনুল ইসলাম<br>অধ্যক্ষ,<br>সরকারী শারীরিক শিক্ষা কলেজ,<br>ময়মনসিংহ | মোবাইল- ০১৭১৬-১৯৫৮৪৬<br>mpec_ds@yahoo.com<br>webside: mpec.college.gov.bd |
| ০৬ | জনাব লুবনা ইয়াসমীন<br>অধ্যক্ষ (চঃদাঃ)<br>সরকারী শারীরিক শিক্ষা কলেজ,<br>বরিশাল | মোবাইল- ০১৭৫৪০০১৮৩৩<br>bpec_ds@yahoo.com<br>webside: https://bpec.college.gov.bd |

## জেলা ক্রীড়া কর্মকর্তাগণের নাম, দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত জেলা, মোবাইল নম্বর ও ই-মেইল:

| ক্রম. | জেলা ক্রীড়া কর্মকর্তাগণের নাম | কর্মরত জেলার নাম | মোবাইল নং | ই-মেইল |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন | ঢাকা | ০১৭৩৩২৯৪৮৮১ | dhaka@ds.gov.bd jahangiriupa@gmail.com districtsportsofficedhaka@gmail.com |
| ২. | জনাব মোঃ নাজিম উদ্দিন ভুঁইয়া | নারায়ণগঞ্জ | ০১৭১১-২০৯৫৮৫ | nazimuddin.dso@gmail.com dso.narayanganj71@gmail.com |
| ৩. | জনাব ফেরদৌসী আক্তার বন্যা | মানিকগঞ্জ | ০১৮১৮-৬১৮৮৯২ | ferdousibonna@gmail.com manikganj_dso@yahoo.com |
| ৪. | জনাব খাদিজা পারভীন | মুন্সীগঞ্জ | ০১৭২২-৮৯৬৭৮০ | farhanaatiq2016@gmail.com dsomunshiganj19@gmail.com |
| ৫. | জনাব ফারজানা আক্তার সাথী | গাজীপুর | ০১৭৩২১৩৮৬৯৬ | shathy.ht@gmail.com gazipur.dso@gmail.com |
| ৬. | জনাব মো: আফাজ উদ্দিন | টাঙ্গাইল | ০১৭৪৩-১১২৫৫০ | afazuddinteacher118@gmail.com |
| ৭. | জনাব মোঃ মাসুদ রানা | কিশোরগঞ্জ | ০১৭১৮৬২৫১৩৭ | abrarmahin8680@gmail.com |
| ৮. | জনাব আল-আমীন খন্দকার (অ:দা) | রাজবাড়ী | ০১৭৪১-৬০৩০৪৩ | alaminkhandakar7@gmail.com dsorajbari2@gmail.com |
| ৯. | জনাব আল-আমীন খন্দকার | ফরিদপুর | ০১৭৪১-৬০৩০৪৩ | alaminkhandakar7@gmail.com dsofaridpur@gmail.com |
| ১০. | জনাব সমীর বাইন (অ:দা) | মাদারীপুর | ০১৭৪৫-৪৬৩৮৪৯ | samirbain2@gmail.com dsomadaripur2019@gmail.com |
| ১১. | জনাব সমীর বাইন | শরীয়তপুর | ০১৭৪৫-৪৬৩৮৪৯ | samirbain2@gmail.com sportsshariatpur2@gmail.com |
| ১২. | জনাব মোঃ শাহীন সুলতান রাজা | গোপালগঞ্জ | ০১৭২৬৩৯৩৬৫৫ | shahin230884@gmail.com |
| ১৩. | জনাব ফারজিন আক্তার মুমু | নরসিংদী | ০১৬৭৩৩৯২৬৮৫ | farzinmomo@yahoo.com |
| ১৪. | জনাব আল-আমিন | ময়মনসিংহ | ০১৮১৮-৬১২৬৬২ | rodelasobuj@gmail.com dsomym77@gmail.com |
| ১৫. | জনাব সেতু আক্তার | নেত্রকোণা | ০১৭৬৮২৮৬৮৩৭ | dso.netrokona@gmail.com shetuakter37@gmail.com |
| ১৬. | জনাব আফরিন আক্তার মনি | জামালপুর | ০১৭৩৭-০৯৭১৯০ | monyircu0@gmail.com dsojamalpur37@gmail.com |
| ১৭. | জনাব ধীরেন্দ্র চন্দ্র সরকার | শেরপুর | ০১৭২৬-৯৫২৬২২ | dsodhiren@gmail.com dsosherpur@gmail.com |
| ১৮. | জনাব আবদুল বারী | চট্টগ্রাম | ০১৮১২-০৪৭৬০৭ | ab.bari85@gmail.com ctg_dso@yahoo.com |
| ১৯. | জনাব মো: আলাউদ্দিন (অ:দা:) | ফেনী | ০১৭১৯-২৩১১৭৫ | alauddin1989@gmail.com |
| ২০. | জনাব হারুন অর রশিদ | খাগড়াছড়ি পা: | ০১৬৪৪৮৪৫৪৪৭ | kazolxplore@gmail.com |
| ২১. | জনাব হারুন অর রশিদ (অ:দা) | রাঙ্গামাটি পা: | ০১৬৪৪৮৪৫৪৪৭ | kazolxplore@gmail.com |
| ২২. | জনাব মাঈন উদ্দিন মিলকি (অ:দা) | বান্দরবান পা: | ০১৮৪২-০৫২৩৪১ | mu15898@gmail.com dsobandarban@gmail.com |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩. | জনাব সুমন কুমার মিত্র | কুমিল্লা | ০১৭১৯-৬৩০৬৭৬ | sumonmittra1987@gmail.com<br>comilla.dso@gmail.com |
| ২৪. | জনাব মো: আলাউদ্দিন | নোয়াখালী | ০১৭১৯-২৩১১৭৫ | alauddin1989@gmail.com |
| ২৫. | জনাব মাঈন উদ্দিন মিলকি | কক্সবাজার | ০১৮৪২-০৫২৩৪১ | mu15898@gmail.com<br>dsocoxbazar@gmail.com |
| ২৬. | জনাব মোঃ রফিকুল ইসলাম | চাঁদপুর | ০১৭৪৬১৭০৯০৭ | sports2024c@gmail.com |
| ২৭. | জনাব মাহমুদা আক্তার | ব্রাহ্মণবাড়ীয়া | ০১৭৮৫০০৬৬৬৬ | dsobrahmanbaria1977@gmail.com |
| ২৮. | জনাব হীরা আক্তার | লক্ষ্মীপুর | ০১৭১০-০৫৪৪৬০ | hera.bd87@gmail.com<br>dso.lakshmipur@yahoo.com |
| ২৯. | জনাব মো: নুর হোসেন | সিলেট | ০১৯১২-১৫২৪৬১ | dso.sylhet@gmail.com<br>nurhossen539@gmail.com |
| ৩০. | জনাব মোঃ মাজহারুল মজিদ | মৌলভীবাজার | ০১৭১৬-৪৫৬৪১৩ | dso.moulvibazar@gmail.com |
| ৩১. | জনাব আল আমিন | সুনামগঞ্জ | ০১৭১৪৩৮৫৮৭৭ | alamindso3@gmail.com |
| ৩২. | জনাব মোঃ মাজহারুল মজিদ (অ:দা:) | হবিগঞ্জ | ০১৭১৬৪৫৬৪১৩ | dso.habiganj1@gmail.com |
| ৩৩. | জনাব গৌতম কুমার সরকার | রাজশাহী | ০১৭২৯৮৯৩৮৮০ | sarkarg396@gmail.com<br>rajshahi_dso@yahoo.com |
| ৩৪. | জনাব মো: তারিকুল ইসলাম (অ:দা) | নাটোর | ০১৭৭৭৬০৬০৪৭ | tariqulpony@gmail.com<br>dso.natore64@gmail.com |
| ৩৫. | জনাব মো: আরিফুজ্জামান | নওগাঁ | ০১৭৩৬৮২৩৩৮৩ | arifuzzaman.ru.92@gmail.com |
| ৩৬. | জনাব মো: তারিকুল ইসলাম | পাবনা | ০১৭৭৭৬০৬০৪৭ | tariqulpony@gmail.com<br>pabna_dso@yahoo.com |
| ৩৭. | জনাব মো: আলমগীর হোসেন (অ:দা) | বগুড়া | ০১৭১০০৫৪৪৬০ | alomgirbped@gmail.com |
| ৩৮. | জনাব মো: আরিফুজ্জামান (অ:দা) | জয়পুরহাট | ০১৭৩৬৮২৩৩৮৩ | arifuzzaman.ru.92@gmail.com<br>dsojoypurhat1@gmail.com |
| ৩৯. | জনাব গৌতম কুমার সরকার (অ:দা) | চাঁপাইনবাবগঞ্জ | ০১৭২৯৮৯৩৮৮০ | sarkarg396@gmail.com<br>chapai_dso@yahoo.com |
| ৪০. | জনাব মোঃ নুরে এলাহী | সিরাজগঞ্জ | ০১৯১৫-৯৭৪১২০ | nureelahi120@gmail.com |
| ৪১. | জনাব মোঃ আসাদুজ্জামান | রংপুর | ০১৭২২৭৯১০৪৯ | dsorangpur6@gmail.com<br>dsorangpur6@gmail.com |
| ৪২. | জনাব আবু জাফর মাহমুদুজ্জামান | কুড়িগ্রাম | ০১৭৭০৮৪৬৮৪৬ | mahmud.ru2000@gmail.com |
| ৪৩. | জনাব মো: আবুল হাসেম | নীলফামারী | ০১৭৫১২২৭৭৭২ | dsohasem2019@gmail.com |
| ৪৪. | জনাব মো: আলমগীর হোসেন | গাইবান্ধা | ০১৭১০০৫৪৪৬০ | alomgirbped@gmail.com |
| ৪৫. | জনাব মোঃ আসাদুজ্জামান (অ:দা:) | লালমনিরহাট | ০১৭২২৭৯১০৪৯ | aflin1971@gmail.com |
| ৪৬. | জনাব মো: আকরাম হোসাইন | দিনাজপুর | ০১৭৩৭৬৫৮৬৩৭ | hossainbinnasir123@gmail.com<br>dsodinajpur@gmail.com |
| ৪৭. | জনাব মোঃ মনিরুজ্জামান | ঠাকুরগাঁও | ০১৭১৪-৯৫৯৯২৫ | zamanmunna1986@gmail.com<br>thakurgaondso@gmail.com |
| ৪৮. | জনাব মো: আকরাম হোসাইন (অ:দা:) | পঞ্চগড় | ০১৭৩৭৬৫৮৬৩৭ | hossainbinnasir123@gmail.com |
| ৪৯. | জনাব মো: বকতিয়ার রহমান গাজী | খুলনা | ০১৭২৫০০০০০১ | boktiar09@gmail.com |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫০. | জনাব হুসাইন আহমাদ | বাগেরহাট | ০১৯৬৭১১৫৯৭০ | husaindso.barisal16@gmail.com<br>bagerhatdso@gmail.com |
| ৫১. | জনাব মো: মাহবুবুর রহমান | সাতক্ষীরা | ০১৭২১৩৮৯৪২৭ | mahabuburp1988@gmail.com |
| ৫২. | জনাব মোঃ তানভীর হোসেন | কুষ্টিয়া | ০১৭১১৩১৪২৮৭ | kushtia@ds.gov.bd |
| ৫৩. | জনাব আরিফ আহমেদ | মেহেরপুর | ০১৭১৫৯২৫০৬৮ | arif.ahamed23@gmail.com<br>dsomeherpur@gmail.com |
| ৫৪. | জনাব আমানুল্লাহ আহমেদ | চুয়াডাঙ্গা | ০১৯১৮০১১৪২৪ | ahmedaman245@gmail.com<br>sportschuadanga@gmail.com |
| ৫৫. | জনাব মোঃ খালিদ জাহাঙ্গীর | যশোর | ০১৭১৫৮৫৬৬১৫ | jessore@ds.gov.bd<br>khalid_jahangir@yahoo.com<br>jashore.dso@gmail.com |
| ৫৬. | জনাব অনামিকা দাস | মাগুরা | ০১৬২৫৬৩৪২৬২ | anamikadas1225@gmail.com<br>dsomagura474@gmail.com |
| ৫৭. | জনাব মিজানুর রহমান | ঝিনাইদহ | ০১৯১৩৩৩৩১৩৬ | rubelbksp@gmail.com |
| ৫৮. | জনাব মো: কামরুজ্জামান | নড়াইল | ০১৭৩১৮৬৯২৩৩ | naraildso2019@gmail.com<br>kamruzzaman2959@gmail.com |
| ৫৯. | জনাব মো: সাইদুল ইসলাম | বরিশাল | ০১৭১৯২৭৪৭৭৬ | sydsuvo@gmail.com |
| ৬০. | জনাব সাপাতুল ইসলাম | পিরোজপুর | ০১৭৮২৬০৬৮০০ | shapatulislam9@gmail.com |
| ৬১. | জনাব হুসাইন আহমাদ (অঃদা) | ঝালকাঠী | ০১৯৬৭১১৫৯৭০ | husaindso.barisal16@gmail.com<br>jhalakati@ds.gov.bd |
| ৬২. | জনাব মোঃ আজিম হোসেন | পটুয়াখালী | ০১৭১৬৬৬৫২২০ | farajiazim@gmail.com |
| ৬৩. | জনাব নরেশ গাইন | বরগুনা | ০১৭১৬৪৬৩৯৩৬ | nareshgain444@gmail.com |
| ৬৪. | জনাব মো: সাইদুল ইসলাম (অঃদা) | ভোলা | ০১৭১৯২৭৪৭৭৬ | sydsuvo@gmail.com |

সমাপ্ত